গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(সাধারণ শাখা)
www.kurigram.gov.bd

| | | |
|---|---|---|
| বিষয় | : | **এপ্রিল ২০১৮ মাসের এনজিও বিষয়ক সমন্বয় কমিটির মাসিক সভার কার্যবিবরণীঃ** |
| সভাপতি | : | মোঃ রফিকুল ইসলাম সেলিম<br>জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত)<br>কুড়িগ্রাম। |
| সভার তারিখ | : | ২৩-০৪-২০১৮ খ্রিস্টাব্দ। |
| সভার স্থান | : | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, কুড়িগ্রাম। |
| সভার সময় | : | বেলা- ১২.০০ ঘটিকা। |
| সভার উপস্থিতি | : | সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' ও সভায় অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট 'খ'। |

সভাপতি উপস্থিত এনজিও প্রতিনিধিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সভার কার্যপত্র উপস্থাপন করা হয়। আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা :

**আলোচ্যসূচি-১ : বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।**

আলোচনা : সভায় উপস্থাপিত মার্চ ২০১৮ মাসের এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণীর উপর কারও কোন মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হয়। এনজিও প্রতিনিধিগণ কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচি-২ : সলিডারিটি, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : নির্বাহী পরিচালক, সলিডারিটি, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, সলিডারিটি সংস্থা নারীর ক্ষমতায়ন ও শিখন প্রকল্পের আওতায় বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের অর্থায়নে ফুলবাড়ী উপজেলার অধুনালুপ্ত দাসিয়ারছড়া ছিটমহলে ০৯(নয়) জন দুঃস্থ নারীকে ০৯টি সেলাই মেশিন প্রদানসহ ০৬ মাসের প্রশিক্ষণের আয়োজন করেছে। চরের দরিদ্র মানুষের খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্পের আওতায় রৌমারী ও রাজিবপুর উপজেলায় প্রায় ৬০০ জন উপকারভোগীর মধ্যে বাল্যবিবাহ নিরোধ উঠান বৈঠক করা হয়েছে। চিলমারী উপজেলার মৌলিক সাক্ষরতা প্রকল্পের আওতায় ৩০০টি শিক্ষা কেন্দ্র স্থাপনের কাজ চলছে। ফ্লাড রিকভারী ও এম্পাওয়ারমেন্ট প্রকল্পের আওতায় নাগেশ্বরী ও কুড়িগ্রাম সদর উপজেলায় ৩,৪০০ জন সুবিধাভোগীর মাঝে টাকা প্রদান লক্ষ্যে মোবাইল ব্যাংকিং এর জন্য সিম প্রদান ও একাউন্ট খোলা হয়েছে। কাজের বিনিময়ে প্রতি উপকারভোগীকে ৪,০০০/- টাকা করে মোট ৩,৪০০ জন উপকারভোগীর মাঝে মোবাইলের মাধ্যমে ১,৩৬,০০,০০০/- (এক কোটি ছত্রিশ লক্ষ) টাকা বিতরণ করা হয়েছে। ফলে সরাসরি সেবাটি তাদের দোরগোড়ায় যায় এবং খাদ্য নিরাপত্তা নিশ্চিত হয়। কেয়ার বাংলাদেশের আর্থিক সহায়তায় সলিডারিটি কর্তৃক রাজারহাট ও ফুলবাড়ী উপজেলায় উপকারভোগীর উৎপাদন বৃদ্ধি, বাজারের চাহিদা অনুযায়ী বাজারজাতকরণ এবং সঞ্চয়ী মনোভাব গড়ে তোলার লক্ষ্যে এলপিএস, এসসিএ এবং প্রোডাকশন গ্রুপের দক্ষতামূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-৩ : টিএমএসএস, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : টিএমএসএস, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, টিএমএসএস কুড়িগ্রাম জোন কর্তৃক পরিচালিত ২০টি শাখায় মোট ০৮ ধরণের ঋণ কর্মসূচি পরিচালনা করছে। সচেতনতা বৃদ্ধিমূলক কর্মসূচির অংশ হিসেবে সংস্থা কর্তৃক পরিচালিত প্রতিটি গ্রুপের সাপ্তাহিক সভায় এজেন্ডা ভিত্তিতে বিভিন্ন বিষয়ে সচেতনতামূলক বিষয় নিয়ে সদস্যদের মাঝে আলোচনা হয় এবং ইহা সারা মাসব্যাপী চলে। এ ছাড়াও সংস্থা প্রদত্ত উৎপাদন ও উন্নয়ন নামক একটি বহির বিভিন্ন বিষয়ে প্রতি সপ্তাহে সদস্যদের মাঝে আলোচনা হয়।

**আলোচ্যসূচি-৪ : বকুলতলী মহিলা সংসদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : বকুলতলী মহিলা সংসদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, তাদের সংস্থার মাধ্যমে উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা কর্মসূচীর আওতায় ভূরুঙ্গামারী উপজেলার ৪টি ইউনিয়নের ৭টি স্কুলের ৩০ জন করে মোট ২১০ জন উপকারভোগী ও ৫টি ইউনিয়নের ১৬টি স্কুলের ২৮ জন করে মোট ৪৪৮ জন ছাত্র/ছাত্রী লেখাপড়া করছে।

**আলোচ্যসূচি-৫ : টেরে ডেস্ হোমস্ ফাউন্ডেশন, কুড়িগ্রামের কার্যক্রম কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : জেলা ব্যবস্থাপক, টেরে ডেস্ হোমস্ ফাউন্ডেশন, কুড়িগ্রাম সভায় প্রেজেন্টেশনের মাধ্যমে সংস্থার কার্যক্রম সম্পর্কে জানান, তাদের সংস্থা এ জেলার কুড়িগ্রাম সদর, উলিপুর ও চিলমারী উপজেলায় 'মাদার এ্যান্ড চাইল্ড হেলথ্' প্রোগ্রামে কমিউনিটির প্রধান স্টেকহোল্ডার এবং সরকারি স্বাস্থ্য পরিচর্যা শক্তিশালী করার মাধ্যমে কর্ম এলাকার মা ও শিশুস্বাস্থ্য অবস্থার উন্নয়নে (প্রাতিষ্ঠানিক ও গ্রামভিত্তিক) কার্যক্রম বাস্তবায়ন করছে। এছাড়া সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-৬ : টেরে ডেস্ হোমস্ ইতালী, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : প্রকল্প সমন্বয়কারী, টিডিএইচ ইতালী, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলার অন্তর্গত চিলমারী উপজেলায় ১টি এবং কুড়িগ্রাম পৌরসভাতে ১টি মোট ২টি প্রাথমিক বিদ্যালয়ে ৩২৬ জন ছেলে এবং ৩৭১ জন মেয়ে মোট ৬৯৭ জনকে শিক্ষা সহায়তা, যেমন- বই, সাদা কাগজ, রেজিস্টার, কলম, সকল ধরনের পরীক্ষার ফি, সেশন ফি, ভর্তি ফিসহ অন্যান্য শিক্ষা উপকরণ প্রদান কার্যক্রম চলমান আছে। স্পনসরশীপ কর্মসূচির অধীন সকল শিক্ষার্থী ও অভিভাবকগণকে নিয়ে মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে, সেখানে শিক্ষার গুরুত্ব ও মানসম্মত শিক্ষায় গুরুত্ব ও মান সম্মত শিক্ষায় অভিভাবকগণের করণীয় এবং ভূমিকার উপর আলোচনা হয়েছে।

আলোচ্যসূচি-৭ : **ফ্রেন্ডশীপ, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ফ্রেন্ডশীপ বাংলাদেশ, কুড়িগ্রামের জেলা সমন্বয়কারী সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর, চিলমারী ও রাজিবপুর উপজেলার বিভিন্ন দুর্গম চর এলাকার স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে বিভিন্ন চরের সুবিধাবঞ্চিত শিশু, নারী ও পুরুষকে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। অত্র সংস্থার মাধ্যমে চরাঞ্চলের ০১দিন থেকে ১৮ মাস বয়সী সকল শিশুকে ইপিআই কার্যক্রমের আওতায় আনা অব্যাহত রয়েছে। ১২০টি ইপিআই সেশনে ১,৫৫৯ জন শিশু ও ৯৭৮ জন নারীকে সেবা প্রদান করা হয়েছে। ভাসমান হাসপাতালের মাধ্যমে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। বর্তমানে হাসপাতালটি চিলমারী উপজেলার চর মোনতলায় অবস্থান করছে। মার্চ ২০১৮ মাসে ৮,৭৫৪ জন নারী-পুরুষকে সেবা প্রদান করা হয়েছে। কুড়িগ্রাম সদর, চিলমারী ও রাজিবপুর উপজেলার দুর্গম চরে সোলার প্যানেল ব্যবহার করে তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে মানসম্মত শিক্ষা নিশ্চিত করা হচ্ছে। সংস্থার বাস্তবায়নাধীন প্রকল্পগুলোতে সংশ্লিষ্ট এলাকার স্থানীয় গণমান্য, সুশীল সমাজ ও ইউনিয়ন পরিষদ নেতৃবৃন্দের অংশগ্রহণ ও সহযোগিতায় কার্যক্রমসমূহ বাস্তবায়ন করা হচ্ছে।

আলোচ্যসূচি-৮ : **ব্র্যাক, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : জেলা ব্র্যাক প্রতিনিধি কুড়িগ্রাম, সভায় অবহিত করেন যে, মা ও শিশু পরিচর্চা কর্মসূচী, শিক্ষা কর্মসূচি, মানবাধিকার ও আইনগত সহায়তা কর্মসূচি, কৃষি ও খাদ্য নিরাপত্তা কর্মসূচি ও সামাজিক ক্ষমতায়ন কর্মসূচি চলমান রয়েছে। ক্ষুদ্র ঋণ কর্মসূচির আওতায় কুড়িগ্রাম জেলায় ঋণ প্রদান অব্যাহত রয়েছে। কৃষি ও খাদ্য নিরাপত্তা কর্মসূচির আওতায় জমি তৈরি, সার ও বীজ ক্রয় এবং সেচ ও কীটনাশক এবং ফসল সংগ্রহ বাবদ অত্র জেলায় প্রান্তিক চাষীর মাঝে অনুদান প্রদান করেছে। এছাড়াও তাদের সংস্থার অন্যান্য সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-৯ : **ল্যাম্ব হাসপাতাল, নাগেশ্বরী, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ল্যাম্ব হাসপাতাল, নাগেশ্বরী, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলার আওতাধীন ওয়াল্ড মিশন প্রেয়ার লীগ (ল্যাম্ব হাসপাতাল) কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলার ৬ টি ইউনিয়নে (নারায়নপুর, নুনখাওয়া, কালিগঞ্জ, বামনডাঙ্গা, কচাকাটা ও বল্লভেরখাস ইউনিয়ন) স্বাস্থ্য কেন্দ্রিক দুর্যোগ ঝুঁকি হ্রাস প্রকল্পের কাজ ২০১৭ সালের ফেব্রুয়ারি মাস হতে সম্পাদন করে আসছে। বিভিন্ন দুর্যোগকালীন বিপন্ন জনগোষ্ঠী বিশেষ করে গর্ভবতী মা ও শিশু, বৃদ্ধ-বৃদ্ধা, প্রতিবন্ধী, মহিলা ও মেয়েদের বিভিন্ন রোগ ও স্বাস্থ্য সমস্যা দূরীকরণের জন্য কাজ করে থাকে।

আলোচ্যসূচি-১০ : **হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল, কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশন্যাল, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা কর্তৃক ডিজ্যাবিলিটি-ইনক্লুসিভ গ্র্যাজুয়েশন অফ এক্সট্রিম পুওর এন্ড পুওর হাউজহোল্ড ইন বাংলাদেশ প্রকল্পের মাধ্যমে কুড়িগ্রাম সদর উপজেলার সকল ইউনিয়ন ও পৌরসভায় উপকারভোগী হতদরিদ্র প্রতিবন্ধী পরিবারে প্রয়োজনীয় সহায়তা প্রদান করে আসছে। প্রকল্পের গুরুত্বপূর্ণ উদ্দেশ্য হচ্ছে, নির্দিষ্ট সংখ্যক পরিবার যাদের মধ্যে প্রতিবন্ধী সদস্য আছে এবং সবচেয়ে দরিদ্র তাদের কর্ম সংস্থানের জন্য প্রয়োজনীয় দক্ষতা বৃদ্ধির মাধ্যমে তাদের উৎপাদন দক্ষতা বৃদ্ধি ও কর্ম সংস্থানের আওতায় নিয়ে দারিদ্র হ্রাস করণ। জেন্ডার বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য কমিউনিটি পর্যায়ে ৭৬টি উঠান বৈঠক করা হয়েছে। এছাড়াও সংস্থার গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-১১ : **আশা, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : আশা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলায় ০৯ টি উপজেলার ৪৬টি ব্রাঞ্চের মাধ্যমে কর্মকান্ড পরিচালিত হয়। ঋণ গ্রহীতা সদস্য সংখ্যা ১,০৯,৬৭৬ জন। সদস্যদের মাঝে ঋণ স্থিতির পরিমাণ ২৬৫.০৩ কোটি টাকা। সদস্যদের জমাকৃত সঞ্চয়ের পরিমাণ ১০৪.৯৬ কোটি টাকা। ঋণের প্রকারভেদ প্রাথমিক ও বিশেষ ঋণ। দরিদ্র ও অভাবী সদস্যদের চিকিৎসা সহায়তা প্রদান করা হয় এবং গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রী/ আশার সদস্যদের সন্তান/মুক্তিযোদ্ধার সন্তান/শারীরিক প্রতিবন্ধী/ একই পরিবারের একাধিক শিক্ষার্থী থাকলে সর্বোচ্চ ১০০% বিনা খরচে আশা ইউনিভার্সিটিতে লেখাপড়া করার সুযোগ দেয়া হয়ে থাকে। দরিদ্র ও অভাবী সদস্যদের চিকিৎসা বাবদ প্রতি বছর ৬ লক্ষ টাকা চিকিৎসা সহায়তা প্রদান করা হয়। প্রাথমিক শিক্ষা শক্তিশালীকরণ কর্মসূচির অংশ হিসেবে কুড়িগ্রাম সদর উপজেলার কাঠালবাড়ী ইউনিয়ন ও পাঁচগাছি ইউনিয়ন, উলিপুর উপজেলার বুড়াবুড়ি ও বজরা ইউনিয়নে, ফুলবাড়ী উপজেলার ফুলবাড়ী ইউনিয়নে, নাগেশ্বরী উপজেলার ভিতরবন্দ ইউনিয়নে এবং ভুরুঙ্গামারী উপজেলার বঙ্গসোনাহাট ইউনিয়নের ১৬৫ টি শিক্ষা কেন্দ্রে ৫২৮০ জন শিক্ষার্থীর মাঝে শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন করছে। এছাড়াও সংস্থার গৃহিত সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-১২ : **মেরী স্টোপস ক্লিনিক, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ক্লিনিক ম্যানেজার, মেরী স্টোপস্ ক্লিনিক, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, স্ট্রেংদেনিং এন্ড এক্সপেনডিং কোয়ালিটি রিপ্রোডাকটিভ হেলথ্ সার্ভিস ইন বাংলাদেশ প্রকল্পের আওতায় দরিদ্র এবং হত দরিদ্র জনগোষ্ঠির মাঝে পরিবার পরিকল্পনা ও প্রজনন স্বাস্থ্য সেবা প্রকল্পে মার্চ ২০১৮ মাসে সেবাগ্রহীতার মাঝে ১০(দশ) ধরণের পরিবার পরিকল্পনা সামগ্রীসহ প্রয়োজনীয় অন্যান্য সেবা প্রদান করা হয়েছে। সংস্থার অন্যান্য সকল কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-১৩ : **কাশিম বাজার স্বাস্থ্য সেবা সংস্থা, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : কাশিম বাজার স্বাস্থ্য সেবা সংস্থা, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, মার্চ ২০১৮ মাসে ভূরুঙ্গামারী উপজেলার সকল ইউনিয়নের সকল প্রতিবন্ধী, অসহায় এবং অস্বচ্ছল রোগীদের হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল সংস্থা কর্তৃক প্রদেয় সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ০২ জন প্রতিবন্ধী শিশুকে ৮০০/- টাকা করে ১,৬০০/- টাকা সহায়তা প্রদান করা হয়েছে।

আলোচ্যসূচি-১৪ : **প্রুফস-আইডিই বাংলাদেশ, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : প্রুফস-আইডিই বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় প্রেজেন্টেশনের মাধ্যমে সংস্থার কার্যক্রম সম্পর্কে সভায় অবহিত করেন যে, অত্র সংস্থাটি কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর, রাজারহাট, উলিপুর, চিলমারী, ফুলবাড়ী, নাগেশ্বরী এবং ভুরুঙ্গামারী উপজেলায় কার্যক্রম পরিচালনা করছে। অত্র সংস্থার সার্বিক উদ্দেশ্য হলো দরিদ্র কৃষক ও ভোক্তার খাদ্য এবং পুষ্টির নিরাপত্তাসহ পানি, স্যানিটেশন, স্বাস্থ্য সেবা উন্নত করা।

**আলোচ্যসূচি-১৫ : সূর্যের হাসি ক্লিনিক, কুড়িগ্রাম ও রাজারহাট, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ক্লিনিক ম্যানেজার, সূর্যের হাসি ক্লিনিক, কুড়িগ্রাম এবং রাজারহাট, কুড়িগ্রামের প্রতিনিধিগণ সভায় অবহিত করেন যে, পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য এবং প্রজনন স্বাস্থ্যসেবা কার্যক্রমে মার্চ ২০১৮ মাসে সেবাগ্রহীতার মাঝে বিভিন্ন ধরণের পরিবার পরিকল্পনা সামগ্রীসহ প্রয়োজনীয় অন্যান্য সেবা প্রদান করা হয়েছে। সংস্থার অন্যান্য সকল কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-১৬ : সন্ধান এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ম্যানেজার, সন্ধান, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, সংস্থাটি মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ভিজিডি কর্মসূচি বাস্তবায়নের লক্ষে ২০১৭-১৮ চক্রের জন্য উলিপুর উপজেলার ০৯ টি ইউনিয়নে নির্বাচিত উপকারভোগীদের তালিকা সংগ্রহের মাধ্যমে গ্রুপ তৈরি ও প্রশিক্ষণ প্রদান ও সঞ্চয় উত্তোলন কার্যক্রম বাস্তবায়ন করছে। মার্চ ২০১৮ মাস পর্যন্ত মোট সঞ্চয় আদায় ৪৯,১৯,৩৪৬/- টাকা। উক্ত টাকা অগ্রনী ব্যাংক লিঃ, রাজারহাট শাখায় জমা রয়েছে।

**আলোচ্যসূচি-১৭ : এসিডি এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : প্রোগ্রাম অফিসার, এসিডি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা বর্তমানে কুড়িগ্রাম পৌরসভা ও রাজারহাট উপজেলা এলাকায় Strengthening Tobacco Control in Rajshahi & Rangpur Division প্রকল্প এর আওতায় কার্যক্রম যথারীতি চলছে। জেলা পর্যায়ে তামাক নিয়ন্ত্রণ টাস্কফোর্স কমিটি এবং অন্যান্য সহযোগী সংস্থার সমন্বয়ে তামাক নিয়ন্ত্রণ আইনের প্রয়োগ এবং বাস্তবায়নের জন্য এডভোকেসি সভা আয়োজন অব্যাহত রয়েছে।

**আলোচ্যসূচি-১৮ : গ্লেনকো ফাউন্ডেশন, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : গ্লেনকো ফাউন্ডেশন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা কর্তৃক পরিচালিত ওয়াক ফর লাইফ প্রকল্পে কুড়িগ্রাম সদর হাসপাতালে অর্থোপেডিক বহির্বিভাগে পায়ের পাতা বাঁকা রোগের চিকিৎসা সেবা প্রদান করছে। মার্চ ২০১৮ মাসে উক্ত কার্যক্রমে প্রত্যক্ষ উপকারভোগী ২ জন এবং পরোক্ষ উপকারভোগীর সংখ্যা ২৩ জন এবং গত মাসে ১টি প্রচারনা কার্যক্রমের মাধ্যমে ব্যাপক জনগোষ্ঠিকে শিশুদের 'ক্লাবফুট' অথবা মুগুর পা চিকিৎসা সেবা সম্বন্ধে অবগত করা হয়েছে। এছাড়াও সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-১৯ : গাইবান্ধা গণ স্বাস্থ্য কেন্দ্র, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : গাইবান্ধা গণ স্বাস্থ্য কেন্দ্র, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলায় ২ টি স্বাস্থ্য কেন্দ্র স্থাপনের মাধ্যমে চরাঞ্চলের দরিদ্র ও অসহায় মানুষের প্রাথমিক স্বাস্থ্য সেবা ও শিক্ষা কার্যক্রমে বিভিন্ন ধরণের প্রাথমিক স্বাস্থ্যসেবা কার্যক্রম অব্যাহত আছে। ফেব্রুয়ারি ২০১৮ মাসে উলিপুর উপজেলায় ৮৯৪ জন ও নাগেশ্বরী উপজেলায় ৮৫২ জন রোগীকে চিকিৎসা প্রদান করা হয়েছে। এছাড়াও সংস্থা কর্তৃক গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-২০ : গণউন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : গণউন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, গণ উন্নয়ন কেন্দ্র একটি বেসরকারি উন্নয়ন সংস্থা। অতি দরিদ্র মানুষের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে জীবন মানের উন্নয়নের জন্য ১৯৮৫ সাল থেকে এ সংস্থা কাজ করে আসছে। বর্তমানে উত্তর-পশ্চিমাঞ্চলের ১০টি জেলা- গাইবান্ধা, রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, দিনাজপুর, পঞ্চগড়, কুষ্টিয়া, বগুড়া, জয়পুরহাট, জেলায় বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। দারিদ্র্য ও দুর্যোগপ্রবণ এলাকার মানুষের উন্নয়নের লক্ষ্যে সংস্থা বিভিন্ন কর্মসূচি যেমন-তৃণমূল পর্যায়ে মানুষকে সংগঠিত করা, নেতৃত্ববিকাশ, সক্ষমতা বৃদ্ধি, নারীর ক্ষমতায়ন, শিক্ষা স্বাস্থ্য, স্যানিটেশন, দূর্যোগ ব্যবস্থাপনা, আয়মূলক কার্যক্রম, প্রতিবন্ধিদের উন্নয়ন, শিশু সুরক্ষা ও জন সচেতনতা সৃষ্টি ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। এছাড়াও সংস্থার গৃহীত সকল কার্যক্রম যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-২১ : ইসলামিক রিলিফ বাংলাদেশ, উলিপুর, কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ইসলামিক রিলিফ বাংলাদেশ, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় অবহিত করেন যে, Alternative Orphan Family Sponsorships programme through Sustainable livelihoods (ALO-IRUK) প্রকল্পের আওতায় কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলার উলিপুর উপজেলার বুড়াবুড়ী, দূর্গাপুর, পান্ডুল, হাতিয়া, দলদলিয়া ও ধরনীবাড়ী ইউনিয়নের প্রাথমিকভাবে নির্বাচিত মোট ৭৯০ টি পরিবারকে নানা ধরণের সচেতনতামূলক পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। ৭৯০ টি হতদরিদ্র অসহায় পরিবার নিজেদের ব্যবস্থাপনায় এ পর্যন্ত প্রায় ১৮,১০,৩০০/- টাকা সঞ্চয় জমা করেছে। ৫৪টি স্বাবলম্বন দলের সাপ্তাহিক সভায় বাল্য বিবাহ প্রতিরোধ, শিশু শ্রম রোধ, যৌতুক প্রতিরোধ ইত্যাদি বিষয়ে গুরুত্ব সহকারে আলোচনা করা হয়। উল্লিখিত কাজের পাশাপাশি সংস্থার অন্যান্য কার্যক্রমও যথারীতি চলছে।

**আলোচ্যসূচি-২২ : ইএসডিও এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ইএসডিও, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা ৯টি প্রকল্প কুড়িগ্রাম জেলার ৯ টি উপজেলার ৭৩ টি ইউনিয়নে বাস্তবায়ন করছে। প্রতিটি ইউনিয়নে ৩৬ জন মহিলা হিসেবে কুড়িগ্রাম জেলায় মোট ২৫৯২ জন উপকারভোগী সরকারি সম্পদ রক্ষনাবেক্ষনের কাজ করছে। বর্তমান পর্যন্ত ১৩৩ দিন কাজ করেছে মহিলারা তন্মধ্যে ৮৪ দিনের মজুরী পেয়েছে। স্বপ্ন প্রকল্পের উপকারভোগীরা ৬টি বিষয়ে জীবন দক্ষতামূলক প্রশিক্ষণ পেয়েছে, বিষয়গুলো হলো- নেতা ও নেতৃত্ব, নারীর অধিকার, স্ব-শিক্ষন সহজ হিসাব, জলবায়ু পরিবর্তন ও দূর্যোগ মোকাবেলা, নারী-পুরুষ সম্পর্ক উন্নয়ন, জেন্ডার ইসডিও রস্ক প্রকল্প রিচিং আউট অফ স্কুল চিলড্রেন (রস্ক) প্রকল্প কুড়িগ্রাম জেলার সদর উপজেলার পাঁচগাছী ইউনিয়নে ১০০ জনকে ৪টি ট্রেডে ৩ মাস ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

**আলোচ্যসূচি-২৩ : কাশেম ফাউন্ডেশন এর কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : কাশেম ফাউন্ডেশন, উলিপুর, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কাশেম ফাউন্ডেশন মূলত ৩টি প্রকল্পের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করে থাকে। মরিয়ম চক্ষু হাসপাতাল, উলিপুর, কুড়িগ্রামে মার্চ ২০১৮ মাসে ৪১৮১ জন চক্ষু রোগীর চিকিৎসা সেবা প্রদান করেছে। ৩৭৮ জন ছানি রোগী অপারেশন (কৃত্রিম লেন্স সহ) এবং হতদরিদ্র/ দরিদ্র/ নিম্নমধ্যবিত্ত ৩৩৩ জন ছানি রোগীর ছানি অপারেশন (কৃত্রিম লেন্স সহ) করেছে। আলেকজান মেটারনিটি এন্ড চাইল্ড ওয়েলফেয়ার সেন্টার মার্চ ২০১৮ মাসে কুড়িগ্রাম জেলায় ৩৮ জন গর্ভবতী মায়ের রেজিস্ট্রেশন, ০৩ জন গর্ভবতী মায়ের টিটি টিকা এবং ১৭০ জন নবজাতক রেজিস্ট্রেশন করেছে। এছাড়াও অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-২৪ | : | **শিশু পল্লী প্লাস এর কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | শিশু পল্লী প্লাস, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর, চিলমারী, রাজারহাট ও ভূরুঙ্গামারী উপজেলায় তাদের সংস্থা আবেদনকৃত মায়েদের বাড়ি পরিদর্শন, তাদের শিশু পল্লী প্লাস যেতে সহায়তা করা, মায়েদের সাথে সভা করা, তাদের ছেলে মেয়েদের শিক্ষা সহায়তা প্রদান করা হয়। বিভিন্ন সরকারি বেসরকারি সেবা সংস্থার সাথে যোগাযোগ অব্যাহত আছে। সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। |
| আলোচ্যসূচি-২৫ | : | **কেডিএবি'র কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | কেডিএবি'র প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কেডিএবি, চিলমারী উপজেলায় ১ টি প্রাথমিক বিদ্যালয় ও ১ টি মাধ্যমিক বিদ্যালয় দেশি বিদেশি শিক্ষক দ্বারা পরিচালিত হচ্ছে। উলিপুর উপজেলায় কুষ্ঠরোগী পরিবারের সন্তানদের জন্য হোস্টেল (আবাসিক) ব্যবস্থা করা হচ্ছে। এলাকার দুঃস্থ ও গরীব পরিবারের সন্তানদের জন্য মানসম্মত প্রাথমিক ও নিম্ন মাধ্যমিক শিক্ষা ব্যবস্থার নিমিত্ত সংস্থার ক্যাম্পাসে একটি প্রাথমিক ও একটি নিম্ন মাধ্যমিক বিদ্যালয় পরিচালিত হচ্ছে। কুষ্ঠরোগী পরিবারের অবহেলিত সন্তানদের মাঝে স্টাইপেন্ড প্রদান করা হচ্ছে এবং কুষ্ঠরোগীসহ এলাকার বেকার যুবক-যুবতীদের গার্মেন্টস প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। উলিপুর ও চিলমারী উপজেলায় কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রের (২০ টি কম্পিউটার বিশিষ্ট ল্যাব মাল্টিমিডিয়া সিস্টেমে) মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। সংস্থার মেডিকেল বিভাগ কর্তৃক সর্বসাধারণের মাঝে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। এছাড়াও তাদের সংস্থার গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে মর্মে সভাকে তিনি অবহিত করেন। |
| আলোচ্যসূচি-২৬ | : | **আফাদ এর কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | নির্বাহী প্রধান, আফাদ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, সিডিডি -এর অর্থায়নে শ্রবণ ও দৃষ্টি প্রতিবন্ধীতা কার্যক্রমে কুড়িগ্রাম সদর উপজেলার ৫ টি ইউনিয়নে এবং Strengthening Capacity and Networking of NSAs and LAs on Disability (SCANED) প্রকল্পের আওতায় কুড়িগ্রাম সদর উপজেলার পাঁচগাছি এবং উলিপুর উপজেলার বুড়াবুড়ি ইউনিয়নে প্রতিবন্ধী ব্যক্তিদের বিভিন্ন সেবা প্রদান করা হয়েছে। মা ও শিশুমৃত্যু হার হ্রাসকরণ প্রকল্পের আওতায় উর্বীনীগ এর অর্থায়নে উলিপুর উপজেলায় ৮০ জন গর্ভবতী মাকে পরামর্শ প্রদান করা হয়েছে। ইউএসসিসিবি, কানাডা'র অর্থায়নে কুড়িগ্রাম সদর উপজেলার পাঁচগাছি ইউনিয়নে এআরসি প্রোগ্রামের আওতায় কিশোরীদের নিয়মিত শিক্ষাদান কর্মসূচি, আয়বৃদ্ধিমূলক কর্মসূচি এবং সচেতনতা বৃদ্ধিমূলক নিয়মিত সেশন করা হয়ে থাকে। আফাদ এর গৃহীত অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। |
| আলোচনা -২৭ | : | প্লান ইন্টারন্যাশনাল, সুশীলন, আরডিআরএস, কেডিএবি, বাংলাদেশ মহিলা পরিষদ, এসকেএস ফাউন্ডেশন, প্রশিকা, কেনা, প্রাকটিক্যাল এ্যাকশন, সূর্যের হাসি ক্লিনিক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামের প্রতিনিধিগণ সভায় অবহিত করেন যে, তাদের সংস্থার গৃহীত সকল কার্যক্রম যথারীতি চলছে। |
| আলোচ্যসূচি-২৮ | : | **বিবিধ:-** |
| আলোচনা | : | (১) সভাপতি প্রুফস-আইডিই বাংলাদেশ, কুড়িগ্রামের সভায় প্রেজেন্টেশনের মাধ্যমে সংস্থার কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য ধন্যবাদ জানান। তাদের কার্যক্রমের উপর উপস্থাপিত প্রেজেন্টেশন সকলের নিকট প্রশংসিত হয়।<br>(২) আগামী সভায় উপস্থিত এনজিও প্রতিনিধিগণের সর্বসম্মতিক্রমে শিশু পল্লী প্লাস, কুড়িগ্রামকে তাদের কার্যক্রমের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের জন্য অনুরোধ জানান হয়। তবে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের সময় তাদের কার্যক্রমের উপর প্রকল্পের সুবিধাভোগী, প্রকল্প বাস্তবায়নে অন্তরায়, লক্ষ্যমাত্রা, অর্জন ইত্যাদি বিষয়ে বিশেষভাবে উপস্থাপন করার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন।<br>(৩) সভাপতি বলেন, এক এনজিও হতে উপকারভোগীদের সংখ্যা অন্য এনজিও বা সরকারি দপ্তরের সাথে যাতে Overlapping না হয় তা খেয়াল রাখতে হবে এবং সঠিক তথ্য উপস্থাপন করতে হবে।<br>(৪) সভাপতি, কুড়িগ্রাম এনজিও পোর্টালের ব্যয় নির্বাহের নিমিত্ত যে সকল এনজিও/সংস্থা ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের জন্য নির্ধারিত বার্ষিক ফি জমা প্রদান করেননি, তাদেরকে নির্ধারিত বাৎসরিক ফি ৮০০/- টাকা, চলতি মাসের মধ্যে সোনালী ব্যাংক লিঃ, চলতি হিঃ নং৩৩০০১৪০২৪- জমা প্রদানপূর্বক ব্যাংক জমা রশিদের মূলকপি এ কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করেন। কিছু সংখ্যক এনজিও/সংস্থা কর্তৃক ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের জন্য নির্ধারিত বার্ষিক ফি ৮০০/- টাকা এখনও জমা না করায় অসন্তোষ প্রকাশ করা হয়।<br>(৫) সভায় জানানো হয়, দীর্ঘদিন ধরে পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র, সিএমইএস, বিডিএসসি, কুড়িগ্রামসহ বেশ কিছু সংস্থার প্রধান/প্রতিনিধি এনজিও বিষয়ক সমন্বয় কমিটি সভায় অনুপস্থিত রয়েছেন। উক্ত সংস্থার ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের জন্য এনজিও পোর্টালের ব্যয় নির্বাহের বার্ষিক ফি ৮০০/- টাকা অনাদায়ী রয়েছে। তাদের কার্যক্রম প্রসংগে সভায় উপস্থিত সদস্যগণ জানান, তাদের কার্যক্রম এ জেলায় দেখা যাচ্ছে না। তাই উক্ত তিনটি সংস্থাকে আপাততঃ কুড়িগ্রাম এনজিও পোর্টাল হতে স্থগিত রেখে নতুন তিনটি সংস্থাকে এনজিও পোর্টালের অন্তর্ভূক্তি করার জন্য সভার পক্ষ থেকে অনুরোধ জানান হয়। সে প্রেক্ষিতে বিস্তারিত আলোচনান্তে প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ, অপরাজেয়-বাংলাদেশ ও হেলভেটাস সুইস ইন্টারকোঅপারেশন, কুড়িগ্রামকে এনজিও পোর্টালের অন্তর্ভূক্তির জন্য একমত পোষণ করা হয়। এক্ষেত্রে সভাপতি বর্ণিত সংস্থা তিনটিকে ২০১৮ সালের জন্য পোর্টালের বার্ষিক ফি জমা প্রদান সাপেক্ষে পোর্টালে অন্তর্ভূক্তির জন্য পরামর্শ প্রদান করেন। |

(৬) সংস্থার ওয়েব পোর্টালে হালনাগাদ তথ্য দ্রুত আপলোড করার জন্য অনুরোধ করেন এবং সকল সংস্থাকে তাদের স্বীয় কার্যক্রমের প্রতিবেদন প্রতি ইংরেজি মাসের ০৫ তারিখের মধ্যে এ কার্যালয়ের সাধারণ শাখায় দাখিল করতে এবং www.kurigramngos.org.bd ওয়েব পোর্টাল থেকে জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণী সংগ্রহ করতে এবং কুড়িগ্রাম এনজিও পোর্টালের (www.kurigramngos.org.bd) নিজ ওয়েব পেজে সংস্থার কার্যক্রমের মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদন নিয়মিত আপলোড করতে অনুরোধ জানান।

(৭) সভায় বাল্যবিবাহ প্রতিরোধে সকল পর্যায়ের সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করার উপর গুরুত্বারোপ করা হয়।

(৮) এ জেলায় ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীকে বিকল্প কর্মসংস্থান ও পুনর্বাসনের মাধ্যমে কুড়িগ্রাম জেলাকে ২০১৮ সালের ডিসেম্বর মাসের মধ্যে ভিক্ষুকমুক্ত জেলা হিসাবে ঘোষণা করার লক্ষ্যে কাজ করার জন্য আহবান জানানো হয়। এক্ষেত্রে সকল সংস্থার কর্মকর্তা ও কর্মচারীকে ০১ দিনের মূলবেদনের সম-পরিমাণ অর্থ 'ভিক্ষুক মুক্তকরণ কর্মসূচি' নামীয় সোনালী ব্যাংক লিঃ, কুড়িগ্রাম শাখার চলতি হিসাব নং ৫২০৮৪০২০০১৫৬৩-তে জমা করার জন্য অনুরোধ করা হয়।

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | এনজিও বিষয়ক সমন্বয় সভায় নিয়মিতভাবে সংস্থা কর্তৃক গৃহীত কার্যক্রম ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনাসহ যথাসময়ে যথোপযুক্ত প্রতিনিধি উপস্থিতি নিশ্চিত করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ২ | সকল সংস্থা কর্তৃক গৃহীত প্রকল্পের বিষয়ে up-to-date তথ্য জেলা ও উপজেলা প্রশাসনকে অবহিত করে বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ৩ | এনজিও বিষয়ক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন পরবর্তী সভার পূর্বেই এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ৪ | জেলা এনজিও পোর্টালে হালনাগাদ তথ্য ও প্রতিমাসের সভার কার্যবিবরণী নিয়মিত আপলোড করতে হবে। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ৫ | এনজিও সমূহের কার্যক্রম মনিটরিং এর স্বার্থে উপজেলা নির্বাহী অফিসারগণকে নিয়মিতভাবে উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটির সভা অনুষ্ঠান করে পরবর্তী মাসের ৩ (তিন) তারিখের মধ্যে মাসিক সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে এবং প্রাপ্ত কার্যবিবরণীর তালিকা সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) কুড়িগ্রাম ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ৬ | কুড়িগ্রাম এনজিও পোর্টালের (www.kurigramngos.org.bd) ব্যয় নির্বাহের নিমিত্ত সংশ্লিষ্ট এনজিও কর্তৃপক্ষ ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের জন্য নির্ধারিত বার্ষিক ফি ৮০০/- টাকা সোনালী ব্যাংক লিঃ, চলতি হিঃ নং৩৩০০১৪০২৪-এ জমাপূর্বক জমা রশিদের মূলকপি এ কার্যালয়ের সাধারণ শাখায় দাখিল করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ৭ | পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র, সিএমইএস, বিডিএসসি, কুড়িগ্রাম নামীয় তিনটি সংস্থাকে আপাততঃ কুড়িগ্রাম এনজিও পোর্টাল হতে স্থগিত রেখে নতুন তিনটি সংস্থা প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ, অপরাজেয়-বাংলাদেশ ও হেলভেটাস সুইস ইন্টারকোঅপারেশন, কুড়িগ্রামকে এনজিও পোর্টালের অন্তর্ভূক্তি করতে হবে। এক্ষেত্রে বর্ণিত তিনটি সংস্থাকে ২০১৮ সালের জন্য পোর্টালের বার্ষিক ফি জমা প্রদান প্রদান করতে হবে। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ৮ | আগামী সভায় শিশু পল্লী প্লাস, কুড়িগ্রামকে তাদের কার্যক্রমের উপর পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশন করবেন। | শিশু পল্লী প্লাস, কুড়িগ্রাম |
| ৯ | পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের সময় প্রকল্পের সুবিধাভোগী, প্রকল্প বাস্তবায়নে অন্তরায়, লক্ষ্যমাত্রা, অর্জন ইত্যাদি বিষয়ে বিশেষভাবে উপস্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট এনজিও কর্তৃপক্ষ |
| ১০ | এক এনজিও হতে উপকারভোগীদের সংখ্যা অন্য এনজিও বা সরকারি দপ্তরের সাথে যাতে OVERELAPPING না হয় তা খেয়াল রাখতে হবে এবং সঠিক তথ্য উপস্থাপন করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ১১ | কুড়িগ্রাম এনজিও পোর্টাল আপলোড সংক্রান্ত গঠিত উপ-কমিটি কর্তৃক জেলা, উপজেলা, ইউনিয়ন,ওয়ার্ড, জনসংখ্যা উল্লেখপূর্বক কৃষি, শিক্ষা, স্বাস্থ্য সেবা, স্যানিটেশন, জন্ম নিবন্ধন, বাল্যবিবাহ, যৌতুকসহ অন্যান্য যে কোন কার্যক্রমের তথ্য সম্বলিত একটি ফরমেট ওয়েব পোর্টালে আপলোড করতে হবে। | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ১২ | সকল সংস্থা কর্তৃক তাদের কার্যক্রমের উপর পাওয়ার পয়েন্ট প্রস্তুত করে কুড়িগ্রাম এনজিও পোর্টাল আপলোড সংক্রান্ত গঠিত কমিটির নিকট দাখিল করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ১৩ | জেলার ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীকে বিকল্প কর্মসংস্থান ও পুনর্বাসনের মাধ্যমে কুড়িগ্রাম জেলাকে ২০১৮ সালের ডিসেম্বর মাসের মধ্যে ভিক্ষুকমুক্ত জেলা হিসেবে ঘোষণা করার লক্ষ্যে সকল সংস্থার প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারিকে 'ভিক্ষুক মুক্তকরণ কর্মসূচি' নামীয় সোনালী ব্যাংক লিঃ, কুড়িগ্রাম চলতি হিসাব নং ৫২০৮৪০২০০১৫৬৩-তে ০১(এক) দিনের মূলবেতনের সমপরিমাণ অর্থ জমাপূর্বক জমাকৃত টাকার তথ্য পরবর্তী সভায় অবহিত করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ১৪ | সভায় বাল্যবিবাহ প্রতিরোধে সকল পর্যায়ের সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে সকল সংস্থাকে কার্যকর ভূমিকা পালন করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ১৫ | প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় আগাম প্রস্তুতিমূলক ব্যবস্থা গ্রহণসহ জনসচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ করতে হবে এবং ত্রাণ কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে জেলা প্রশাসন ও স্থানীয় প্রশাসনকে অবহিত করে সব এনজিও নিজেদের মধ্যে সমন্বয় সাধন করবেন। | এনজিও কর্তৃপক্ষ |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলের মূল্যবান পরামর্শ ও মতামত প্রদানের জন্য ধন্যবাদ জানিয়ে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে এবং এনজিও প্রদত্ত সেবাসমূহ দৃশ্যমান ও জনবান্ধব করার অনুরোধ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/০৪/১৮

(মোঃ রফিকুল ইসলাম সেলিম)
জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত)
কুড়িগ্রাম
ও
সভাপতি
এনজিও বিষয়ক সমন্বয় কমিটি।

স্মারক নং-০৫.৪৭.৪৯০০.০০৩.০৮.০০৮.১৮-৬৮৮ (১০০)

তারিখঃ ১৩ বৈশাখ ১৪২৫ / ২৬ এপ্রিল ২০১৮

অনুলিপিঃ

০১। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্লট-ই-১৩/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।
০৪। ...........................................................

২৬/০৪/১৮

জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত)
কুড়িগ্রাম।